মোংলায় দূদক কর্তৃক সততা সংঘের আর্থিক অনুদান প্রদান

মোংলায় দূর্নীতি দমন কমিশন কর্তৃক সততা সংঘের আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। সোমবার (১৭ জুন) সকাল ১০ টায় অফিসার্স ক্লাবে উপজেলা নির্বাহী কর্মকর্তা রাহাত মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আবু তাহের হাওলাদার। বিশেষ অতিথি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ারুল কুদ্দুস, টিএ ফারুক স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ আবু সাঈদ খান, মোংলা প্রেস ক্লাবের সভাপতি হুসাইন মোহাম্মদ দুলালসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগন, কলেজের অধ্যাপকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় দূর্নীতি দমন কমিশনের সততা সংঘের আর্থিক অনুদান প্রদানসহ সার্বিক কর্মকান্ড নিয়ে আলোচনা হয়।